

‘প্লেজারিজম মহামারি আকার ধারণ করেছে’

‘একাডেমিক ও গবেষণার ক্ষেত্রে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে বুদ্ধিবৃত্তিক সম্পদ ও গবেষণা চৌর্যবৃত্তি (প্লেজারিজম) মহামারী আকার ধারণ করেছে। জনগণের সচেতনতার পাশাপাশি সরকারের উচিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে প্রকৃত মেধার সম্মান করা।’

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আয়েশা আবেদ লাইব্রেরি ও ইন্টারনেটভিত্তিক চৌর্যবৃত্তি সনাক্তকারী প্রতিষ্ঠান ‘টার্নইটইন ইন্ডিয়া’ এর ব্যবস্থাপনায় আয়োজিত ‘কনক্লেভ অন অ্যাকাডেমিক অ্যান্ড রিসার্চ ইনট্রিগিটি’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এমন মন্তব্য করেন প্রখ্যাত অর্থনীতিবিদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আকবর আলি খান।

সেমিনারে শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে নৈতিকতা বৃদ্ধি ও সদাচরণ, সমাজের প্রতি দায়বদ্ধ থেকে মানসম্মত গবেষণা প্রস্তুতসহ প্রযুক্তিগত সহায়তায় প্লেজারিজম বন্ধের কৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন দেশসেরা তাত্ত্বিক ও গবেষকবৃন্দ।

বৃহস্পতিবার সকালে অনুষ্ঠিত সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য এসএন কৈরি। এ সময় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইকোনমিক্স অ্যান্ড সোশাল সায়েন্সের প্রফেসর ড. এটিএম নুরুল আমিন বলেন, ‘চিন্তার বৈকল্য, লেখনী শক্তির দুর্বলতা, মেধাহীনতার কারণে প্লেজারিজমের মতো ঘটনা ঘটছে।’ এই অর্থনীতিবিদ মনে করেন, গবেষণা উন্নয়নের ক্ষেত্রে বিনিয়োগ বাড়ালে দক্ষ গবেষক বের হয়ে আসবে।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ‘সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস’র (সিপিজে) এক্সিকিউটিভ ডিরেক্টর মনজুর হাসান (ওবিই) বলেন, ‘উন্নয়ন ও সুশাসন এক সাথে ঘটলে সমাজে বিদ্যমান অসততা দূর হওয়া সম্ভব।’

ব্র্যাক স্কুল অফ ল'র ডিন প্রফেসর কে. শামসুদ্দিন মাহমুদ বলেন, 'বাংলাদেশে গবেষণা চুরি সংক্রান্ত বিষয়ে আইনের সুস্পষ্ট নীতিমালা না থাকা ও দুর্বল পর্যবেক্ষণের কারণে শাস্তি প্রদান করা কঠিন হয়ে পড়ছে।' তিনি গবেষণার ক্ষেত্রে পেটেন্ট এর ওপর গুরুত্বারোপ করেন।

ট্রানইনইট ইন্ডিয়া ইডুকেশনাল প্রাইভেট লিমিটেডের দক্ষিণ এশীয় অঞ্চলের ডিরেক্টর অশিম সাচদেব বলেন, 'শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ বাড়াতে পারলে অ্যাকাডেমিক ও গবেষণা ক্ষেত্রে চৌর্যবৃত্তি কমে আসবে। এক্ষেত্রে পরিবার ও প্রতিষ্ঠান সবাইকে এক সাথে কাজ করতে হবে। গবেষণার তত্ত্বাবধায়ক কিংবা প্রকাশক একটু সচেতন হলে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে এ ধরনের চৌর্যবৃত্তি রোধ করতে পারেন।'